



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

তারিখ : ২২ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ এবং ২৩/০৪/২০২০ তারিখে জারিকৃত যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এবং ১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর এবং ব্যবসা-বাণিজ্যের সুবিধা বিবেচনায় অব্যাহতভাবে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদান করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০১। আগামী ১০ মে ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত (বেলা ১.১৫ মিঃ হতে ১.৩০ মিঃ পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০২। সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে লেনদেন চলাকালীন সময়ে -

ক) অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহকে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রতিটি উপজেলায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। এরূপ ব্যাংকের একই উপজেলায় একাধিক শাখা থাকলে শাখাসমূহ ব্যাংক কর্তৃপক্ষের বিবেচনায় পালাক্রমে খোলা রাখা যেতে পারে। তবে, এ বিষয়ে এলাকার গ্রাহকদের যথাযথভাবে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহানগর এলাকাসমূহে প্রতিটি থানায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। প্রয়োজনের নিরিখে ব্যাংক কর্তৃপক্ষের স্বীয় বিবেচনায় একাধিক শাখা খোলা রাখা যেতে পারে। অনলাইন সুবিধা বহির্ভূত ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা থাকবে।

খ) সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের মধ্যে কমপক্ষে একটি শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত গুরুত্বপূর্ণ এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

ঘ) মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত সব তফসিলি ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

ঙ) শ্রমঘন শিল্প এলাকায় অবস্থিত সব ব্যাংকের সকল শাখা খোলা রাখতে হবে।

চ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ সমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘণ্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। অনুচ্ছেদ নং (০২) এ বর্ণিত স্থানসমূহ সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষিত এলাকার অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে ঐ স্থানে অবস্থিত শাখা/শাখাসমূহ উক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে খোলা রাখতে হবে।

০৪। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ, ট্রেজারি চালান গ্রহণ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, বিভিন্ন প্রণোদনা গুচ্ছের আওতাধীন কার্যক্রম এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, প্রযোজ্য ক্ষেত্রে গ্যাস/পানি/বিদ্যুৎ বিল গ্রহণসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্রিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন সার্কুলার অনুসারে এনআরবি বন্ডসহ বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট সংক্রান্ত কার্যাবলীও সম্পাদন করতে হবে।


০৫। খোলা রাখা শাখার ক্ষেত্রে যথাযথভাবে জনবল রোস্টারিংসহ সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনস্ এবং এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তা গ্রহণ করতে হবে।

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। ইতোপূর্বে এ ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩/২০২০ এবং ডিওএস সার্কুলার লেটার নং-১৪/২০২০ বাতিল হিসেবে গণ্য হবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩